

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
৩২, বিচারপতি এস.এম. মোর্শেদ সরণি,  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
www.nanl.gov.bd

স্মারক নম্বর: ৪৩.২৫.০০০০.০০৭.৩২.০০২.১৮.৯

তারিখ: ২৭ আষাঢ় ১৪২৫

১১ জুলাই ২০১৮

বিষয়: **উত্তম চর্চার (Best Practices) তালিকা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ এর ক্রমিক নং ১.৪ অনুযায়ী আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের উত্তম চর্চার (Best Practices) নিম্নরূপ তালিকা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১) বিদ্যুতের অপচয় রোধ:

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের বিভিন্ন কক্ষে স্থাপিত ফ্যান,লাইট,এসি প্রয়োজন অনুযায়ী ব্যবহার করা হচ্ছে। অফিসের সকল কর্মকর্তা/কর্মচারী সাময়িক অনুপস্থিতিতেও ফ্যান,লাইট,এসি বন্ধ রাখছেন।

২) কাগজের ব্যবহার হ্রাস:

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের অধিকাংশ কার্যক্রম ই-ফাইলে সম্পন্ন করা হচ্ছে। এ অধিদপ্তরের সকল সভার নোটিশ SMS এর মাধ্যমে জারী করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। ব্যবহৃত কাগজের পৃষ্ঠা খসড়া হিসেবে ব্যবহার করা হচ্ছে।

৩) এপ্রোন,মাস্ক এবং হ্যান্ড গ্লোভস ব্যবহার:

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরে স্ট্যাক ব্লকে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের স্বাস্থ্য বিবেচনায় এপ্রোন,মাস্ক এবং হ্যান্ড গ্লোভস ব্যবহার করা হচ্ছে। এছাড়া অধিদপ্তরের সকল কর্মকর্তা স্ট্যাক ব্লক পরিদর্শন ও তত্ত্বাবধানকালে এপ্রোন,মাস্ক এবং হ্যান্ড গ্লোভস ব্যবহার করছেন।

৪) ধূমপান মুক্ত পরিবেশ:

ধূমপান স্বাস্থ্যের জন্য ক্ষতিকর। বিষয়টি বিবেচনায় নিয়ে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর ধূমপানমুক্ত এলাকা হিসেবে ঘোষণা করা হয়েছে।

১১-৭-২০১৮

দিলীপ কুমার সাহা  
মহাপরিচালক

ভারপ্রাপ্ত সচিব

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৪৩.২৫.০০০০.০০৭.৩২.০০২.১৮.৯/১(২)

তারিখ: ২৭ আষাঢ় ১৪২৫

১১ জুলাই ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) উপসচিব , বাজেট শাখা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
- ২) সহকারি প্রোগ্রামার , আইসিটি সেল, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়



১১-৭-২০১৮

দিলীপ কুমার সাহা  
মহাপরিচালক